

কার্যালয়
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

০৮ নং মোহনপুর ইউনিয়ন পরিষদের আগস্ট /২০১৯ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ০৮-০৮-২০১৯ খ্রিঃ রোজ : বৃহস্পতিবার সময় : সাকল ১০.০০ ঘটিকা

সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগণের নাম :

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	জনাব মো: নুরুল হক	চেয়ারম্যান	১-৯	স্বাক্ষরিত
০২	বেগম সন্ধ্যা রাণী দেব	সংরক্ষিত মহিলা	১.২.৩	স্বাক্ষরিত
০৩	বেগম স্বপ্না বেগম	সংরক্ষিত মহিলা	৪.৫.৬	স্বাক্ষরিত
০৪	বেগম মোছা: আছিয়া খাতুন	সংরক্ষিত মহিলা	৭.৮.৯	স্বাক্ষরিত
০৫	জনাব মো: তৈয়বুর রহমান	সাধারণ সদস্য	১নং	স্বাক্ষরিত
০৬	জনাব মো: ইকবার হোসেন	সাধারণ সদস্য	২নং	স্বাক্ষরিত
০৭	জনাব মামুন রশিদ সেলিম	সাধারণ সদস্য	৩নং	স্বাক্ষরিত
০৮	জনাব মো: শামছুন নূর	সাধারণ সদস্য	৪নং	স্বাক্ষরিত
০৯	জনাব মো: রইছ মিয়া	সাধারণ সদস্য	৫নং	স্বাক্ষরিত
১০	জনাব মো: বাবুল মিয়া	সাধারণ সদস্য	৬নং	স্বাক্ষরিত
১১	জনাব মো: নুরুল ইসলাম	সাধারণ সদস্য	৭ নং	স্বাক্ষরিত
১২	জনাব মো: আব্দুস ছোবান	সাধারণ সদস্য	৮নং	স্বাক্ষরিত
১৩	জনাব মো: আজিম উদ্দিন	সাধারণ সদস্য	৯নং	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। জেলা প্রশাসক মহোদয়ের আধাসরকারী পত্র সংক্রান্ত আলোচনা।
- ৩। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উদযাপন সংক্রান্ত আলোচনা।
- ৪। আসন্ন কুরবানীর পশু জবাইয়ের বর্জ্যব্যবস্থাপনা প্রসঙ্গে আলোচনা।
- ৫। ভিক্ষুক জরিপ সংক্রান্ত আলোচনা।
- ৬। জেলা প্রশাসনের নিয়ন্ত্রণাধীন প্রহৃতাত্ত্বিক নিদর্শন জমাদান প্রসঙ্গে আলোচনা।

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	
২	জেলা প্রশাসক মহোদয় ইউনিয়ন পরিষদ বরাবরে একটি আধা সরকারী পত্র দিয়েছেন, পত্রটিতে এলজিএসপি-৩ বরাদ্দ হতে ‘মুজিব বর্ষ’কে সামনে রেখে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম এবং মহান মুক্তিযুদ্ধের চেতনার বিকাশ ঘটানোর জন্য আগামী দিনের সুন্দর ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের জন্য কিছু প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করেছেন। তিনি পত্রটি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এলজিএসপি ৩ এর বরাদ্দ হতে প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	আধা সরকারী পত্র মোতাবেক সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউনিয়ন পরিষদ
৩	সভাপতি সভাকে জানান যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস। এ দিনে স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্ব পরিবারে ৩২ নম্বর রোডের বাসভবনে শাহাদাৎ বরণ করেছিলেন।	প্রতিটি ওয়ার্ডের দলীয় ও গন্যমান্য ব্যক্তিদেরকে দাওয়াত দিয়ে যথাযোগ্য মর্যাদায় পালন	মোহনপুর ইউনিয়ন পরিষদ

	এটি জাতির জন্য একটি কলঙ্কজনক অধ্যায়। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করতে হবে। এ বিষয়ে প্রতিটি ওয়ার্ডের দলীয় ও গন্যমান্যব্যক্তিদেরকে দাওয়াত দিয়ে যথাযোগ্য মর্যাদায় পালন ও বিশেষ দোয়া অনুষ্ঠান করার পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	ও বিশেষ দোয়া অনুষ্ঠান করার পক্ষে সিদ্ধান্ত গৃহীত হয়।	
৪	সভায় আসন্ন কুরবানীর ঈদ উপলক্ষে সভাপতি বলেন- কুরবানীর সময় বেশী সংখ্যক পশু কুরবানী করা হয়। এতে ব্যাপক হারে পশুর বর্জ নির্গত হয়। ফলে পরিবেশ দূষিত হয়ে মানুষের স্বাস্থ্যের ক্ষতি হতে পারে। এজন্য পরিবেশকে দূষিত হওয়ার হাত থেকে রক্ষা করে মানুষের স্বাস্থ্য যাতে ক্ষতি না হয় সেজন্য সরকারী সিদ্ধান্ত মোতাবেক উচিত। এ ব্যাপারে ব্যাপকভাবে জনসচেতনতা সৃষ্টির জন্য তিনি সকলকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং এ বিষয়ে স্ব স্ব ওয়ার্ডে জনসচেতনতা সৃষ্টির পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	গ্রামের বা ওয়ার্ডের কোন নির্দিষ্ট জায়গায় পশু কুরবানী করার বিষয়ে স্ব স্ব ওয়ার্ডে জনসচেতনতা সৃষ্টির পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ,
৫	সভাপতি সভাকে জানান যে, ইতোপূর্বে ভিক্ষুকদের একটি তালিকা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বরাবর প্রেরণ করা হয়েছিলো। তালিকাটি অধিকতর যাচাই বাছাই করে পূণঃপ্রেরণ করার জন্য ফেরত পাঠানো হয়েছে। সভায় তালিকাটি উপস্থাপন করা হয় এবং যাচাই বাছাই করে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হয়।	সভায় তালিকাটি যাচাই বাছাই করে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হয়।	ইউপি সদস্যগণ
৬	জেলা প্রশাসনের নিয়ন্ত্রণাধীন যাদুঘরে প্রত্নতাত্ত্বিক নিদর্শন জমাদানের জন্য একটি পত্র পাওয়া গিয়েছে। সভাপতি পত্রটি সভায় উপস্থাপন করেন- তিনি পত্রের আলোকে কারো যদি কোন নিদর্শন থাকে তাহলে অত্রাফিসকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।	পত্রের আলোকে কারো যদি কোন নিদর্শন থাকে তাহলে অত্রাফিসকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।	ইউপি সদস্যগণ

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।

তারিখ: ০৮/০৮/২০১৯ খ্রি:

স্মারক নং:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর